দৈনিক বাংলা

তারিখ ২৬/১০/৮১
পৃষ্ঠা...

৭৬০




৩৯ জন প্রার্থীর প্রতীক বরাদ্দ

●

# সাত্তারের ধানের শীষ

(স্টাফ রিপোর্টার)

আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনের ৩৯ জন প্রার্থীর মধ্যে বৃহস্পতিবার নির্বাচনী প্রতীক বরাদ্দ করা হয়েছে।

বিএনপি দলীয় প্রার্থী অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তার ধানের শীষ প্রতীক পেয়েছেন।

আওয়ামী লীগের (হা) ডঃ কামাল হোসেন নৌকা, নাগরিক কমিটির জেনারেল (অব) এম এ জি ওসমানী—মই, ত্রিদলীয় ঐক্যজোটের মেজর (অবঃ) এম এ জলিল মশাল, আইডিএল-এর মওলানা আব দুর রহিম হারিকেন, দেশপ্রেমিক ফ্রন্টের জনাব মোহাম্মদ তোয়াহা, প্রদীপ, ন্যাপ (মো)-এর অধ্যাপক মোজাফফর আহমদ কুঁড়ে ঘর, পিপলস লীগের ডঃ আলীম আল-রাজী রিকশা, স্বতন্ত্র প্রার্থী মওলানা মোহাম্মদউল্লাহ হাফেজজী, হুজুর বট গাছ এবং একমাত্র

(৫-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রতীক বরাদ্দ

(১-এর পৃঃ পর)

মহিলা প্রার্থী সেলিনা মজুমদার কুলা প্রতীক পেয়েছেন।

গতকাল সকালে শেরে বাংলা নগরে নির্বাচন কমিশনের সদর দফতরে এক অনুষ্ঠানে রিটার্নিং অফিসার প্রেসিডেন্ট পদ প্রার্থীদের মধ্যে নির্বাচনী প্রতীক বরাদ্দ করেন। অনুষ্ঠানে সংশ্লিষ্ট প্রার্থী ও তাদের এজেন্টগণ উপস্থিত ছিলেন।

বিএনপি দলীয় প্রার্থী অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাত্তারের পক্ষে তাঁর প্রধান নির্বাচনী এজেন্ট ঢাকার মেয়র ব্যারিস্টার আবুল হাসনাত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রতীক বরাদ্দ অনুষ্ঠানে ধানের শীষ ও লাঙ্গলের প্রতীকের দাবীতে একাধিক প্রার্থী ও তাঁদের এজেন্টদের তুমুল বিতর্ক, বিশেষ করে লাঙ্গল প্রতীকের দাবী নিয়ে বিতর্কের এক পর্যায়ে কিছুটা উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। লাঙ্গল ও তলোয়ার প্রতীক লটারীর মাধ্যমে বরাদ্দ হয়। প্রার্থীদের নাম ও তাদের জন্য বরাদ্দকৃত প্রতীক হচ্ছেঃ আফতাব উদ্দিন শেখ—টেবিল, আব দুর রহমান খান কলসী, আবদুস সাত্তার ধানের শীষ, আলহাজ গোলাম মোরশেদ গরুর গাড়ি, আলহাজ মওলানা খায়রুল ইসলাম যশোরী খেজুরে গাছ, আলহাজ মওলানা শেখ মোঃ উবায়দুল্লাহ বিন সাইদ জালালাবাদী তলোয়ার, আলী হোসেন আক্তার গোলাপ ফুল, এ বি এ মছিউদ্দৌল্লা আনারস, এম এ মজিদ ঘড়ি, কাজী মোঃ শাহজাহান তারা, কে এম আবুল কালাম আজাদ ছাতা, খঃ নূরুল ইসলাম কোদাল, ছয়ফুর রহমান চায়ের পেয়ালা, ছাদেক মিয়া মোরগ, জাকির হোসেন বাস, জেনারেল (অব) মোহাম্মদ আতাউল গনি ওসমানী মই, ডঃ আলীম আল রাজী রিকশা, ডঃ কামাল হোসেন নৌকা, নূরুল হক লাঙ্গল, প্রফেসর মোজাফফর আহমদ কুঁড়ে ঘর, মওলানা মোহাম্মদুল্লাহ বট গাছ, মনোরঞ্জন দাস বাইসাইকেল, মওলানা গোলাম মোস্তফা খান চেয়ার, মঃ মোঃ আবদুর রহিম হারিকেন, মেজর (অব) এম এ জলিল মশাল, মোঃ আকরাম হোসেন মোল্লা আম, মোঃ আবদুল জব্বার কাস্তে, মোঃ খলিলুর রহমান মজুমদার তালা, মোঃ জিল্লুর রহমান হাতী, মোঃ তোয়াহা প্রদীপ, মোঃ শরিফ নূর মোহাম্মদ গাভী, মোহাম্মদ রওশন আলী মাছ, শাহজাহান চৌধুরী হাত পাখা, সালেহ উদ্দিন আহমেদ চৌধুরী উড়োজাহাজ, সিদ্দিকুর রহমান ভূইয়া বাঘ, সিরাজুল ইসলাম মোমবাতি, সেলিনা মজুমদার কুলা, সৈয়দ শামসুর রহমান বই এবং হারুনার রশিদ দোয়াত-কলম।

ধানের শীষ প্রতীকের জন্য বিএনপি প্রার্থীসহ ৪ জন প্রার্থী আবেদন করেন। অন্যান্যরা হচেছন পিপলস লীগের ডঃ আলীম আল রাজী, সেলিনা মজুমদার ও কাজী মোঃ শাহজাহান।

অনুষ্ঠানে ডঃ আলীম আল-রাজীর নির্বাচনী এজেন্ট ডঃ আহমদ হোসেন বিএনপিকে ধানের শীষ প্রতীক বরাদ্দের বিরোধিতা করে বলেন যে গত জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি ধানের শীষ প্রতীক পেয়েছিল—এ যুক্তি প্রেসিডেন্ট নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বিএনপির যে ব্যক্তি এ নির্বাচনে প্রার্থী হয়েছেন তিনি গত সংসদ নির্বাচনে প্রার্থী ছিলেন না। পক্ষান্তরে ডঃ আলীম আল রাজী ১৯৭৩ সালে ধানের শীষ প্রতীক নিয়ে নির্বাচনে প্রার্থী হয়েছিলেন। পিপলস লীগ একটি পুরাতন রাজনৈতিক দল। পক্ষান্তরে বিএনপি একটি নতুন দল। তিনি আরো বলেন, প্রতীক হচেছ ব্যক্তি কেন্দ্রিক, পার্টি কেন্দ্রিক নয়।

স্বতন্ত্র প্রার্থী সেলিনা মজুমদার ধানের শীষ প্রতীক দাবী করে বলেন যে ধানের শীষ প্রতীক মূলত ন্যাপের (ভাসানী)। তিনি ন্যাপের একজন সদস্য ছিলেন, তাই ধানের শীষ প্রতীক তাঁরই প্রাপ্য।

বিরোধীদের যুক্তি খন্ডন করে বিএনপি প্রার্থী বিচারপতি জনাব আবদুস সাত্তারের প্রধান নির্বাচনী এজেন্ট ব্যারিস্টার আবুল হাসনাত বলেন যে ধানের শীষ মূলত ন্যাপের (ভাসানী) প্রতীক। কিন্তু ন্যাপ (ভাসানী) গত ১৯৭৮ এবং প্রেসিডেন্ট নির্বাচনে জাতীয়তাবাদী ফ্রন্টের অন্তর্ভুক্ত ছিল। জাতীয়তাবাদী ফ্রন্টের প্রার্থী প্রেসিডেন্ট জিয়াউর রহমান গত প্রেসিডেন্ট নির্বাচনে ধানের শীষ প্রতীক পেয়েছিলেন, তাই মরহুম প্রেসিডেন্ট জিয়ার উত্তরাধিকারী হিসাবে বিএনপি প্রার্থী বিচারপতি জনাব আবদুস সাত্তার আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ধানের শীষ প্রতীক বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। এছাড়া, গত জাতীয় সংসদ নির্বাচনেও ধানের শীষ ছিল বিএনপির নির্বাচনী প্রতীক। তিনি আরো বলেন, আইনের দৃষ্টিতে এবং প্রতীক বরাদ্দের নীতিমালা অনুযায়ী বিএনপি প্রার্থী বিচারপতি জনাব আবদুস সাত্তারই ধানের শীষ প্রতীক পাবেন।

অতঃপর রিটার্নিং অফিসার সংবিধানের ১১৯ ধারা ও নির্বাচন বিধি মোতাবেক বিচারপতি জনাব আবদুস সাত্তারকে ধানের শীষ প্রতীক বরাদ্দ করেন।

তারিখ
পৃষ্ঠা...